

From
E. Islam, Director

To
Md. Sahidul Islam, IAS
Jt. Mpl. Commissioner (Development)
Corporation Building
5, S.N. Banerjee Road
Kolkata - 700013

Date: 16.09.10

বিষয় - কলকাতায় অবস্থিত দুস্থ ও প্রান্তিক স্কুলগুলির জন্য বিশেষ ছাড় এবং যাতায়াতের বিশেষ সুবিধা

মহাশয় / মহাশয়া,

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা বিগত ৫১ বছর ধরে ছাত্রছাত্রীদের বিজ্ঞান সচেতন করতে সাহায্য করে এসেছে। বি.আই.টি.এম এর বিজ্ঞান ভিত্তিক গ্যালারিগুলির ত্রিমাত্রিক মডেল এনেছে ছাত্রছাত্রীদের হাতে কলমে পরীক্ষা নিরীক্ষা করে দেখার সুযোগ। উদ্দেশ্য, পাঠক্রমের অন্তর্ভুক্ত বিজ্ঞানের নানাদিক আরো সহজবোধ্য করে তোলা।

ছাত্রছাত্রীদের কাছে আরো আকর্ষণীয় করতে যেমন তৈরী হয়েছে নতুন গ্যালারি তেমন অপেক্ষাকৃত পুরনো গ্যালারিগুলিকে করা হচ্ছে অত্যাধুনিক। উল্লেখ্য, সাম্প্রতিক কালে উপস্থাপিত গণিত গ্যালারি, মাটির নীচে অবস্থিত কৃত্রিম কয়লাখনি। এছাড়াও আছে চিত্রাকর্ষক পদার্থ বিজ্ঞান, টেলিভিশন, খাতু কায়িক শক্তি, জীবন বিজ্ঞান, জৈব প্রযুক্তি সমেত আরও অনেক গ্যালারি।

দুস্থ ও অনুন্যত ছাত্রছাত্রীদের সংখ্যা বেশী এমন স্কুলগুলি যাতে এই সংগ্রহশালায় এসে বিজ্ঞানের নানা মজা উপভোগ করতে পারে, তার জন্য বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা শিক্ষামূলক ভ্রমণের জন্য, যাতায়াত ও টিকিটের দামের ওপর বিশেষ ছাড়ের ব্যবস্থা করেছে (কমপক্ষে ১১০ ছাত্রছাত্রী জন্য)। জনপ্রতি মাত্র ৩০/- টাকার বিনিময়ে প্রদত্ত সুযোগ সুবিধাগুলি হল -:

১. স্কুল থেকে বিড়লা মিউজিয়াম আসা-যাওয়ার জন্য বাসের ব্যবস্থা (অন্তর্ভুক্ত)
২. মিউজিয়ামে প্রবেশ মূল্য (অন্তর্ভুক্ত)
৩. ফিল্ম শো (৪৫ মিঃ) অথবা 3D শো (৪৫ মিঃ)
৪. যে কোন একটি বিজ্ঞান ভিত্তিক শো (সায়েন্স ম্যাজিক মিরাকুল অথবা সারপ্রাইজিং কেমিক্যাল রিয়াকশন অথবা সুপার কুল বডিজ) (৪৫ মিঃ)
৫. কয়লা খনিতে আলো ও ধ্বনি শো (৩০ মিঃ)
৬. ১০ টি বিজ্ঞান ভিত্তিক গ্যালারি ঘুরে দেখা (১ ঘঃ)

এই বিশেষ সুবিধা নিতে চিঠির সাথে যুক্ত ফর্মটি ভর্তি করে সত্বর বি আই টি এমে পাঠান। আগে এলে আগে পাবেন এই ভিত্তিতে বুকিং নেওয়া হবে। বিষয় জানতে যোগাযোগ করুন ২২৮৯ ২৮১৫, ২২৮১ ২৬৫৮, ৯৪৩২৩৮২৬৫৫।

আশা করব আপনি শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের বিড়লা মিউজিয়ামে শিক্ষামূলক ভ্রমণে উৎসাহিত করবেন এবং সেইসঙ্গে মিউজিয়ামকে আরও উন্নততর সেবার প্রেরণা যোগাবেন।

নমস্কারান্তে

এমদাদুল ইসলাম